



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৩৮৮.১০.১৫৪৯

তারিখ: ২২ কার্তিক ১৪২৮  
০৭ নভেম্বর ২০২১

বিষয়: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহাদেবপুর, নওগাঁ এর অনুকূলে প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং-৯৭৪, তারিখ-০৪/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচলন কোড নং ১৪৮০২০৪-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা
৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সিল	২,০০০/- (দুই হাজার) টাকা
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	৩,০০০/- (তিন হাজার) টাকা
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	২,০০০/- (দুই হাজার) টাকা
মোট =		১২,০০০/- (বার হাজার) টাকা

উল্লেখ্য যে, মুদ্রণ ও বাধাই খাতে ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ ও খরচের পরিমাণ সঠিকভাবে উল্লেখপূর্বক এবং প্রচার ও বিজ্ঞাপন ব্যয় খাতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ এর মতামতসহ পুনঃ চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। তাছাড়া, আসবাবপত্র (মেরামত) ও আসবাবপত্র (ক্রয়) খাতে নির্ধারিত ছক মোতাবেক যৌক্তিকতাসহ পুনঃ চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এছাড়াও উপজেলায় টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য না হওয়ায়; কম্পিউটার সামগ্রী, ব্যবহার্য সামগ্রি, অনুষ্ঠান/উৎসবাদি, কম্পিউটার মেরামত ও বৈদ্যুতিক সরঞ্জামাদি(ক্রয়) খাতে যৌক্তিকতা যথাযথ না হওয়ায় বরাদ্দ প্রদান করা হলো না। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৭-১১-২০২১

মোঃ শেখ আসাদুজ্জামান

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মহাদেবপুর, নওগাঁ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৩৮৮.১০.১৫৪৯/১(৩)

তারিখ: ২২ কার্তিক ১৪২৮  
০৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ২) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মহাদেবপুর, নওগাঁ।
- ৩) অফিস কপি।



৭-১১-২০২১

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপ-পরিচালক